...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
সহকারী প্রোগ্রামার এর দপ্তর

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নাজমুল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ৩০ জুন ২০২০ খ্রিঃ |
| সভার সময় | বেলা ২:০০ টা |
| স্থান | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, উন্নত দেশের মত প্রযুক্তির উপযুক্ত ব্যবহার ও দেশের অব্যাহত উন্নয়ন নিশ্চিত করার জন্য তথ্য প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

## সভার আলোচনা এবং সিদ্ধান্ত

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | জাতীয় তথ্য বাতায়নের তথ্য হালানাগাদকরনঃ<br>**ক) উপজেলা সরকারি অফিসঃ**<br>উপজেলা সরকারি অফিস সমূহের নিজস্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করা নিয়মিতভাবে একান্ত প্রয়োজন। হালানাগাদ করণের সকল কারিগরি সাহায্য উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর দিয়ে থাকে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্যের সহজ লভ্যতা করার প্রতিটি অফিসের আইনগত বাধ্যবাধকতা রয়েছে।<br><br>**খ) ইউনিয়ন পোর্টালঃ**<br>ডিজিটাল বাংলাদেশের নাগরিক সুবিধা গ্রাম গঞ্জে পৌছে দেয়ার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। নাগরিক সেবা জনগনের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য বাংলাদেশের প্রতিটি ইউনিয়নের জন্য রয়েছে জাতীয় তথ্য বাতায়ন। ইউনিয়নের সকল তথ্য হালানাগাদ থাকা একান্ত জরুরী। | **১.১** বর্তমানে ভান্ডারিয়া উপজেলার প্রায় সকল অফিস সমূহের ওয়েবপোর্টালের তথ্য হালানাগাদ এবং নাগরিক সেবার তথ্যাবলী খুবই কম। এমতাবস্থা সকল সরকারি অফিসের কর্মকর্তাদের নিজস্ব পোর্টালে তথ্য অতি দ্রুত সন্নিবেশিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>**১.২** ইউনিয়ন পরিষদের সন্মানিত চেয়ারম্যান ও ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের ইউনিয়ন পোর্টালের তথ্য হালানাগাদ করণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>**১.৩** প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য ভান্ডারিয়া উপজেলাধীন আইসিটি অধিদপ্তরের দায়িত্ব প্রাপ্ত সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। যোগাযোগের ঠিকানা মোবাঃ ০১৭১০১৮০৭৩৮ ই-মেইলঃ biplab.doict@gmail.com | স্ব-স্ব সরকারি অফিসের প্রতিষ্ঠান প্রধান, ইউনিয়ন উদ্যোক্তা, ইউনিয়ন চেয়ারম্যান ও কারিগরী সহায়তায় সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ২ | <u>সরকারি কর্মকর্তাদের 'জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ' প্রশিক্ষণঃ</u><br>তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিটি সরকারি দপ্তরের তথ্য নাগরিক সেবা উন্মুক্ত থাকা উচিত। এরই ধারাবাহিকতায় উপজেলা পর্যায়ের সরকারি অফিস সমূহের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা ওয়েব পোর্টাল হালনাগাদ এর উপর প্রশিক্ষণ আয়োজন করার গুরুত্ব আরোপ করেন। | ২.১ ওয়েব পোর্টাল হালানাগাদকরন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>সকল সরকারি অফিসের কর্মকর্তাদের সমন্বয়ে দুইটি শিফটে দুই (০২) দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করার জন্য নোটিশ করা এবং কর্মকর্তা মনোনয়ন দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>এবং<br>সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর । |
| ৩ | <u>দাপ্তরিক সকল চিঠি/পত্র, নথি, নোট ই-নথির মাধ্যমে প্রেরণ ও ব্যবহার নিশ্চিত করণ সম্পর্কিতঃ</u><br>ডিজিটাল অফিস ব্যস্থাপনা সময় ও অর্থ উভয় সাশ্রয় করে। জবাদিহিতা ও স্বচ্ছতার নিশ্চয়তা দিয়ে থাকে। ই-নথি ব্যবস্থাপনা এমনি একটি সিস্টেম যার মাধ্যমে খুব সহজেই মন্ত্রনালয় এবং এর দপ্তর সমূহের মধ্যে চিঠি পত্র প্রেরণ করা যায়। করোনা পরিস্থিতিতে ই-নথি সিস্টেম একটি যুগান্তকারী প্লাটফর্ম হিসেবে কাজ করছে। অনলাইনে এক অফিস থেকে অন্য অফিসে নথি প্রেরণ করে সামাজিক দূরত্ব নিশ্চিত করা যাচ্ছে। | ৩.১ উপজেলার সকল সরকারি অফিস সমূহকে ই-নথিতে চিঠি পত্র প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৩.২ ইতোমধ্যে উপজেলার ২০ টি অফিসের অফিস প্রধানদের দুই দিন ব্যাপী ই-ফাইলিং এর উপর প্রশিক্ষন প্রদান করা হয়। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ের ব্যবস্থাপনায় ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় প্রশিক্ষন কার্যক্রম সম্পাদন করা হয়।<br>৩.৩ যে সকল অফিস সমূহ লাইভে রয়েছে তাদেরকে আব্যশিকভাবে ই-নথিতে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। এবং যাদের লাইভে অফিস সংযুক্ত নয় তাদেরকে লাইভে সংযুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশ প্রদান করা হয়। | স্ব -স্ব সরকারি অফিসের<br>অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |

| | | | |
|---|---|---|---|
| ৪ | <u>শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমুহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ এর জন্য শেখ রাসেল আইসিটি ক্লাব গঠন সংক্রান্ত</u><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে মোট ৪১৭৬টি (সৌদি আরবে ১৫টি সহ) শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। একটি জ্ঞান নির্ভর তরুণ প্রজন্ম বিনির্মাণের লক্ষ্যে প্রতিটি ল্যাবকে কেন্দ্র করে ক্লাব গঠনের মাধ্যমে ল্যাবসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য শেখ রাসেল আইসিটি ক্লাব গঠন করা প্রয়োজন।<br>আইসিটি বিভাগের ০৭ জুন ২০২০ তারিখে ৫৬.০০.০০০০.০১৯.৩৭.০০৪.১৮.৫২ স্মারক মূলে শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল আইসিটি ক্লাব গঠনে নির্দেশনা প্রদান করা হয়। | **৪.1** শেখ রাসেল আইসিটি ক্লাব গঠনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কে নির্দেশনা প্রদান করা হয়।<br>**৪.২** সকল শ্রেনীর শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তাত্ত্বিকজ্ঞানের পাশাপাশি ইন্টারনেট সংযোগ ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**৪.৩** বেকার অথবা আগ্রহী তরুণ-তরুণীদের জন্য বিনামুল্যে অথবা নিদির্ষ্ট ফি এর বিনিময়ে ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করার বিষয়ে পদক্ষেপ গ্রহনে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**৪.৪** কেন্দ্রিয় মনিটরিং অফিসার হিসাবে সহকারী প্রোগ্রামার কর্তৃক ডিজিটাল ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শণ, কারগরি সহায়তা প্রদান এবং প্রশিক্ষণ প্রদান বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।<br>**৪.৫** উপজেলা আইসিটি কমিটির মাসিক সভায় ল্যাব সমূহের প্রতিষ্ঠান প্রধান ও আইসিটি শিক্ষক অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান,<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,<br>সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ৫ | <u>ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদান সম্পর্কেঃ</u><br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার ডিজিটাল বাংলাদেশের একটি যুগোপোযোগী প্রকল্প। ইউডিসি এর মাধ্যমে সরকারি সেবা এখন নাগরিকদের দোরগোড়ায় পৌছে যাচ্ছে। একসেবা https://eksheba.gov.bd/ যেখানে সকল সেবা একসাথে রয়েছে। ইয়নিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগনের মাধ্যমে সরকারে ডিজিটাল সেবা জনগনের কাছে পৌছে যাচ্ছে। | ৫.১ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সকল উদ্যোক্তা নিয়মিত ভাবে তাদের আয়-ব্যয় এবং প্রদানকৃত সেবার তালিকা একসেবা ওয়েব সাইটে হালানাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উদ্যোক্তা<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার<br>ইকড়ী/ গৌরীপুর/ ভান্ডারিয়া/ ধাওয়া/ নদমুলা-শিয়ালকাঠী/ ভিটাবাড়িয়া/ তেলিখালী |
| ৬ | <u>জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:</u><br>সরকারি প্রতিষ্ঠানে ‘সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬’ এর আলোকে সঠিক ফেসবুক পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের ‘সামাজিক যোগাযোগ’ সাব-মেনুতে সংযুক্ত করার নির্দেশনা রয়েছে। এছাড়া ফেসবুক ব্যবহারে নীতিমালা অনুসরন ও নিরাপত্তার বিষয় সহকারী প্রোগ্রামার সদস্যদের অবগত করেন। | ৬.১ সকল দপ্তরের ফেসবুক পেজ খুলতে হবে এবং উক্ত পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের ‘সামাজিক যোগাযোগ’ সাব-মেনুতে সংযুক্ত করার বিষয়টি নিশ্চিত করতে হবে | স্ব-স্ব দপ্তর প্রধান এবং<br>সহকারী প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ৭ | ঘরে বসে শিক্ষা (সংসদ-বাংলাদেশ-টেলিভিশন এর মাধ্যমে) কার্যক্রম নিশ্চিতকরণঃ<br>করোনা বা কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই কর্তৃক বাস্তবায়নে ঘরে বসে শিক্ষা কার্যক্রমের জন্য অনলাইন প্লাটফরম তৈরি করা হয়।<br>মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা ও বাস্তবায়নে শুরু হয়েছে **"আমার ঘরে আমার স্কুল"** কর্মসূচি এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিকল্পনা ও বাস্তবায়নে শুরু হয়েছে **"আমার ঘরে আমার মাদ্রাসা"** কর্মসূচি। শিক্ষার্থীরা এই ওয়েব সাইটের মাধ্যমে যুক্ত হয়ে অনলাইনে ক্লাসগুলো দেখতে পারবে।<br>http://konnect.edu.bd/my-school<br>সংসদ – বাংলাদেশ – টেলিভিশনে প্রতিদিন রুটিন মাফিক মাধ্যমিক পর্যায়ের সকল শ্রেণীর পাঠদান করা হয়। | ৭.১ করোনা প্রাদুর্ভাবে সকল স্কুল, কলেজ, মাদ্রাসা বন্ধ হয়ে যায়। এই সময়ে শিক্ষার্থীদের কোন পড়াশুনার ক্ষতি সাধন না হয় সেজন্য সরকার অনলাইন শিক্ষা কার্যক্রম গ্রহণ করেছে।<br><br>৭.২ উপেজলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে সকল স্কুল, কলেজ, মাদ্রাসার প্রধান শিক্ষক, অধ্যক্ষদের বিভিন্ন কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সকল ছাত্র-ছাত্রী ঘরে বসে শিক্ষা কার্যাক্রমে কিভাবে অংশ নিতে পারে তার উপর বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৭.৩ ঘরে বসে শিক্ষা কার্যাক্রমের বিভিন্ন প্লাটফর্ম, ওয়েবসাইট, এপ্লিকেশন ও প্রযুক্তিগত কারিগরি সাহায্য প্রদানের জন্য উপজেলার সহকারী প্রোগ্রামার জনাব বিপ্লব চন্দ্র দেবনাথ কে অনুরোধ করা করা হয়। মোবাইলঃ ০১৭১০১৮০৭৩৮<br>৭.৪ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও এটুআই-এর যৌথ উদ্যোগে দক্ষতা বাতায়নের ফেসবুক পেইজ-এ কারিগরি শিক্ষাধারার ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের বিশেষ লাইভ ক্লাস ক্লাস প্রচারিত হয়: https://www.facebook.com/skills.gov.bd এবং "ঘরে বসে কারিগরি শিক্ষা" কর্মসূচির অংশ হিসেবে একটি ওয়েব পোর্টাল এর মাধ্যমে পাঠদান করা হয়। http://skills.gov.bd | উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমকি শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার। |
| ৮ | সকরকারি অফিসের সকল নোটিশ, বিভিন্ন সভা, সেমিনারের কার্যবিবরনী ওয়েব সাইটে প্রদর্শণ সম্পর্কিতঃ<br>bangladesh.gov.bd এশিয়া মহাদেশের সব থেকে বৃহৎ সরকারি ওয়েব পোর্টাল। মন্ত্রনালয়, বিভাগ, অধিদপ্তর থেকে শুরু করে উপজেলা, জেলা, ইউনিয়ন পর্যন্ত সরকারি সকল অফিসের জন্য ওয়েব পোর্টাল রয়েছে। ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টাল bhandaria.pirojpur.gov.bd থেকে উপজেলার সকল তথ্য পাওয়া যাচ্ছে। তেমনি প্রতিটি দপ্তরের আলাদা ওয়েব পোর্টাল রয়েছে সেখানে নোটিশ, কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, সিটিজেন চার্টার সহ বিভিন্ন তথ্য সংযোজন করা যায়। জনসেবায় তথ্যের অবাধ সরবরাহ সহ তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জাতীয় তথ্য বাতায়ন। | ৮.১ সভাপতি সরকারি সকল অফিসের কার্যক্রম যেমন নোটিশ, কার্যবিবরনী, কর্মকর্তা/কর্মচারীদের হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার জন্য নির্দেশ প্রদান করেন।<br><br>৮.২ জাতীয় তথ্য বাতায়নের সকল কারিগরি সমস্যার জন্য উপজেলা উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ের সহকারী প্রোগ্রামারকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>৮.৩ উল্লেখ্য উপজেলার সরকারি অফিস সমুহে ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষন দেয়া হয়। সভাপতি ও উপস্থিত সদ্যসবৃন্দ আরো প্রশিক্ষণ প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন। | স্ব -স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |

সভাপতি সকলকে সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, করোনা প্রাদুর্ভাবে ডিজিটাল প্লাটফরম ব্যবহার করে যদি সকল কার্যক্রম নিশ্চিত করা যায় তাহলে যেমন সামাজিক দূরত্ব নিশ্চিত করা যাবে। একদিকে যেমন সংক্রামনের ঝুঁকি কমে যাবে তেমনি সকল কার্যক্রম গ্রহনের ফলে সরকারি সেবার নিশ্চয়তা বৃদ্ধি পাবে। তিনি আরো বলেন ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করেছে তা মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও তিনি ডিজিটাল সেন্টার থেকে স্বল্প মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ ও সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান।

মোঃ নাজমুল আলম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৯১৪.০০০.০৬.০০১.১৯.৩০

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরনী/নোটিশের অনুলিপি প্রাপক

বিপ্লব চন্দ্র দেবনাথ
সহকারী প্রোগ্রামার